## প্রজ্ঞাপন

তারিখ, ১৪ই চৈত্র, ১৪০২ বাং/২৮শে মার্চ, ১৯৯৫ ইং

**এস,আর,ও নং ৪৬-আইন/৯৫।**—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44(4)(b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার অত্র বিভাগের ১লা কার্তিক, ১৩৯৭/১৭ই অক্টোবর, ১৯৯০ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ৩৬২-আইন/৯০ তে নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের-

(ক) প্রথম অনুচ্ছেদ-

(অ) দফা (১) ও দফা (২) এর "তাঁহাকে নিম্নোক্ত হারে" শব্দগুলির পরিবর্তে উভয় স্থানে "তাঁহাকে ডাক বিভাগ কর্তৃক মনোনীত ডাকঘরের মাধ্যমে '2-Income Tax-other than companies' খাতে নিম্নোক্ত হারে" শব্দগুলি ও সংখ্যাটি প্রতিস্থাপিত হইবে।

(আ) শেষ প্রান্তস্থিত "আয়কর প্রদান করিতে হইবে" শব্দগুলির পরিবর্তে "সংশ্লিষ্ট আয় বৎসর (Income Year) এর পরবর্তী ১৫ই সেপ্টেম্বরের মধ্যে আয়কর প্রদান করিতে হইবে" শব্দগুলি, বন্ধনীগুলি, সংখ্যাটি ও অক্ষরটি প্রতিস্থাপিত হইবে;

(খ) অনুচ্ছেদ ২ এর-

(অ) "এর সংশ্লিষ্ট বিধানসমূহ" শব্দগুলির পরিবর্তে "অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লেখিত, এর সংশ্লিষ্ট বিধানসমূহ" কমাগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে; এবং

(আ) পর নিম্নরূপ নূতন অনুচ্ছেদ ২ক সন্নিবেশিত হইবে যথা:-

"২ক। যদি কোন করদাতা প্রথম অনুচ্ছেদের বিধান অনুযায়ী সংশ্লিষ্ট আয় বৎসরের পরবর্তী ১৫ই সেপ্টেম্বরের মধ্যে উক্ত অনুচ্ছেদে উল্লেখিত হারে আয়কর প্রদানে ব্যর্থ হন এবং তিনি উক্ত তারিখের পরে কিন্তু উক্ত Ordinance এর আয় সংশ্লিষ্ট আয়কর বৎসরের কর নির্ধারণী সম্পন্ন হইবার পূর্বে প্রথম অনুচ্ছেদে বর্ণিত হারে আয়কর প্রদান করিতে ইচ্ছা করেন তাহা হইলে তিনি উক্ত আয়কর, উহার উপর প্রতি বৎসর বা উহার খণ্ডাংশের জন্য ৫০% হারে জরিমানাসহ, প্রদান করিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উক্ত Ordinance এর আওতায় সংশ্লিষ্ট আয় বৎসরের কর নির্ধারণী সম্পন্ন হইবার পরে প্রথম অনুচ্ছেদের অধীন কোন আয়কর প্রদান করা হইলে উক্ত Ordinance এর অধীন নির্ধারিত আয়কর হইতে বাদ দেওয়া হইবে, কিন্তু করদাতা প্রথম অনুচ্ছেদে নির্ধারিত হারে আয়কর প্রদানের সুযোগ পাইবেন না" ।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**ডঃ আকবর আলি খান**
সচিব।

## প্রজ্ঞাপন

তারিখ, ১৯শে ভাদ্র ১৪০৫ বাং/৩রা সেপ্টেম্বর, ১৯৯৮ ইং।

**এস,আর,ও নং ১৯৯-আইন/৯৮।**—Income Tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংক-লরী হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে আয়কর হইতে অব্যাহতি দান করিল, যথা:-

(১) যদি উক্ত করদাতা অনধিক দুইটি বাস, মিনিবাস ট্রাক বা ট্যাংক-লরীর মালিক হন, তাহা হইলে তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:

| | প্রদেয় আয়কর |
|---|---|
| (ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য; | টাকা ২,০০০.০০ |
| (খ) ৫২ অথবা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য; | টাকা ১,৫০০.০০ |
| (গ) প্রতিটি মিনিবাসের জন্য; | টাকা ১,০০০.০০ |
| (ঘ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য; | টাকা ২,০০০.০০ |
| (ঙ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য; | টাকা ১,০০০.০০ |
| (চ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য; | টাকা ২,০০০.০০ |
| (ছ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য; | টাকা ১,০০০.০০ |

(২) যদি উক্ত করদাতা দুইটির অধিক বাস, মিনিবাস ট্রাক বা ট্যাংক-লরীর মালিক হন, তাহা হইলে তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:

| | প্রদেয় আয়কর |
|---|---|
| (ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য; | টাকা ২,৫০০.০০ |
| (খ) ৫২ অথবা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য; | টাকা ২,০০০.০০ |
| (গ) প্রতিটি মিনিবাসের জন্য: | টাকা ১,৫০০.০০ |
| (ঘ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য: | টাকা ২,৫০০.০০ |
| (ঙ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্রাকের জন্য; | টাকা ১,৫০০.০০ |

(চ) ৫ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য; টাকা ২,৫০০.০০

(ছ) ৫ টন অথবা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন প্রতিটি ট্যাংক-লরীর জন্য; টাকা ১,৫০০.০০

(৩) উপরি-উল্লিখিত আয়কর বাংলাদেশ ব্যাংক বা সোনালী ব্যাংকের যে শাখা এতদুদ্দেশ্যে নির্ধারণ করা হয়, সেই শাখায় কোম্পানী করদাতার ক্ষেত্রে "১/১১৪১/০০০০/০১০১-আয়কর-কোম্পানীসমূহ/১/১১৪১/০০০০/০১১১-আয়কর-কোম্পানী ব্যতীত" খাতে চালানের মাধ্যমে জমা করিতে হইবে;

(৪) যে বাস, মিনিবাস, ট্রাক বা ট্যাংক-লরীর তিনি মালিক, উহার ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হইবার পূর্বে তাহাকে উপরি-উক্ত হারে আয়কর প্রদান করিতে হইবে;

(৫) নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান উপস্থাপন না করা পর্যন্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ যানবাহনের ফিটনেস নবায়ন করিবেন না।

(৬) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর বাস, মিনিবাস ট্রাক বা ট্যাংক-লরী হইতে অর্জিত আয় তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এইরূপ আয়ের জন্য অতিরিক্ত কর প্রদেয় হইবে না এবং এইরূপ আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের ক্ষেত্রে প্রযোজ্য মোট আয়ের বেশী হইবে না।

২। এতদ্বারা এতদ্‌বিষয়ে এস,আর,ও নং ৩৬২-আইন/৯০, তারিখ: ১৭-১০-৯০ ইংরেজী মূলে জারীকৃত প্রজ্ঞাপন এবং উহার ধারাবাহিকতায় এস,আর,ও নং ৪৬-আইন/৯৫, তারিখ: ২৮-০৩-৯৫ ইংরেজী মূলে জারীকৃত প্রজ্ঞাপনসমূহ রহিত করা হইল।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
**মুহাম্মদ আবদুস সাত্তার**
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

তারিখঃ ১৬ আষাঢ় ১৪১৬ বঙ্গাব্দ/ ৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ

**এস,আর,ও নং ১৭১-আইন/২০০৯।**—Income-tax Ordinance, 1984 (XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৯শে ভাদ্র, ১৪০৫বাং/৩রা সেপ্টেম্বর, ১৯৯৮ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ১৯৯-আইন/৯৮, ১৭ই আষাঢ়, ১৪০৬বাং/১লা জুলাই, ১৯৯৯ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ১৭৯-আইন/৯৯, ১২ই শ্রাবণ, ১৪০৬বাং/২৭শে জুলাই, ১৯৯৯ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ২২১-আইন/৯৯, ১৯শে আষাঢ় এবং ১৪০৭বাং/৩রা জুলাই, ২০০০ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ২০২-আইন/২০০০ এবং ৩০ জুন ২০০৮ইং তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও ২০৪-আইন/২০০৮ রহিতক্রমে, বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদ্‌দ্বারা আয়কর প্রদান করা হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

(১) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে, তাহা হইলে, তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

| | প্রদেয় আয়কর |
|---|---|
| (ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | - টাকা ৭,০০০.০০ |
| (খ) ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | - টাকা ৫,০০০.০০ |
| (গ) তাপানুকূল লাক্সারী বাস ও দোতলা বাস প্রতিটি বাসের জন্য | - টাকা ১০,০০০.০০ |
| (ঘ) তাপানুকূল মিনিবাস কোস্টার প্রতিটির জন্য | - টাকা ৫,০০০.০০ |
| (ঙ) অন্যান্য মিনিবাস/ কোস্টার প্রতিটির জন্য | - টাকা ৪,০০০.০০ |
| (চ) কন্‌টেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য | - টাকা ৭,০০০.০০ |

(ছ) পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য - টাকা ৫,০০০.০০

(জ) দেড়টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য - টাকা ৩,০০০.০০

(ঝ) দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা বা মাল বহনকারী প্রতিটির জন্য - টাকা ১,০০০.০০

(ঞ) শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য - টাকা ৩,৫০০.০০

(ট) শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য - টাকা ২,৫০০.০০

(২) যদি উক্ত করদাতা এইরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হয়, তাহা হইলে, তাহাকে নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে, যথা:-

| | প্রদেয় আয়কর |
|---|---|
| (ক) ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | - টাকা ৩,৫০০.০০ |
| (খ) ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | - টাকা ২,৫০০.০০ |
| (গ) তাপানুকূল লাক্সারী বাস ও দোতলা বাস প্রতিটি বাসের জন্য | - টাকা ৫,০০০.০০ |
| (ঘ) তাপানুকূল মিনিবাস কোস্টার প্রতিটির জন্য | - টাকা ৩,০০০.০০ |
| (ঙ) অন্যান্য মিনিবাস/ কোস্টার প্রতিটির জন্য | - টাকা ২,০০০.০০ |
| (চ) কন্‌টেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য | - টাকা ৪,০০০.০০ |
| (ছ) পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য | - টাকা ৩,০০০.০০ |
| (জ) দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য | - টাকা ১,৫০০.০০ |
| (ঝ) দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা বা মাল বহনকারী প্রতিটির জন্য | - টাকা ৫০০.০০ |
| (ঞ) শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য | - টাকা ১,৫০০.০০ |
| (ট) শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য | - টাকা ১,০০০.০০ |

(৩) দফা (১) এ বর্ণিত যানবাহনের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণের শতকরা দুই শত ভাগ আয়কর উক্ত যানবাহন রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করার শর্তে উক্ত যানবাহনে বিনিয়োগকৃত অর্থ করমুক্ত থাকিবে।

(৪) দফা (১), (২) ও (৩) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর্তৃপক্ষের নিকট জমা প্রদান করিতে হইবে।

(৫) বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর ফিট্‌নেস নবায়নের তারিখ উত্তীর্ণ হইবার পূর্বে দফা (১) ও (২) এ বর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে।

(৬) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্ধারিত হারে নির্দিষ্ট খাতে আয়কর জমা প্রদানের চালান অথবা ব্যাংক ড্রাফট্ বা পে-অর্ডার উপস্থাপন বা জমা প্রদান না করা পর্যন্ত সংশ্লিষ্ট কর্তৃপক্ষ সংশ্লিষ্ট যানবাহনের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, ফিটনেস নবায়ন করিবে না।

(৭) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারীর বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে অর্জিত আয় প্রদত্ত আয়করের অনুপাতে তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এই খাত হইতে রিটার্নে প্রদর্শিত আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের অনুপাতে নিরূপিত আয়ের চেয়ে বেশী হইলে অতিরিক্ত আয়ের জন্য সিডিউলে বর্ণিত হারে কর প্রদান করিতে হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(পারসা বেগম)

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৭ আষাঢ়, ১৪১৭ বঙ্গাব্দ/১ জুলাই, ২০১০ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২৬৭-আইন/আয়কর/২০১০।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৭১-আইন/২০০৯ এর নিম্নরূপ সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের অনুচ্ছেদ ১ এর-

(ক) দফা (১) এ বর্ণিত প্রদেয় আয়কর এর টেবিলের-

(অ) এন্ট্রি (গ) ও (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (গ) ও (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| "(গ) | (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য | টাকা ২০,০০০.০০ |
| | (আ) দোতলা বাস প্রতিটির জন্য | টাকা ১০,০০০.০০ |
| (ঘ) | তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য | টাকা ১০,০০০.০০"; |

এবং

(আ) এন্ট্রি (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| "(ঞ) | শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সি ক্যাবের জন্য | টাকা ৭,০০০.০০"; |

(খ) দফা (২) এ বর্ণিত প্রদেয় আয়কর এর টেবিলের-

(অ) এন্ট্রি (গ) ও (ঘ) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (গ) ও (ঘ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| "(গ) | (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য | টাকা ১০,০০০.০০ |
| | (আ) দোতলা বাস প্রতিটির জন্য | টাকা ৫,০০০.০০ |
| (ঘ) | তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য | টাকা ৬,০০০.০০"; |

এবং

(আ) এন্ট্রি (ঞ) এর পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি (ঞ) প্রতিস্থাপিত হইবে, যথা:-

| | | |
|---|---|---|
| "(ঞ) | শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সি ক্যাবের জন্য | টাকা ৩,০০০.০০"। |

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

আমিনুর রহমান

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ২০ আষাঢ়, ১৪১৮ বঙ্গাব্দ/৪ জুলাই, ২০১১ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২২৩-আইন/আয়কর/২০১১।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭১-আইন/২০০৯ এর দফা (৩) এ উল্লিখিত "শতকরা দুই শত ভাগ" শব্দগুলির পরিবর্তে "শতকরা এক হাজার ভাগ" শব্দগুলি প্রতিস্থাপন করিল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,
আমিনুর রহমান
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখঃ ১৩ আষাঢ়, ১৪১৯ বঙ্গাব্দ/২৭ জুন, ২০১২ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ২২২-আইন/আয়কর/২০১২।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৭১-আইন/২০০৯ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের -

(ক) দফা (১) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

"(১) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথা:-

| | | প্রদেয় আয়কর |
|---|---|---|
| (ক) | ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য.............. | টাকা ১০,০০০.০০ |
| (খ) | ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য...... | টাকা ৭,০০০.০০ |
| (গ) | (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য ..... | টাকা ২০,০০০.০০ |
| | (আ) দোতলা বাস প্রতিটির জন্য .... | টাকা ১০,০০০.০০ |
| (ঘ) | তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য .... | টাকা ১০,০০০.০০ |
| (ঙ) | অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য .... | টাকা ৪,০০০.০০ |
| (চ) | কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য..... | টাকা ১৫,০০০.০০ |
| (ছ) | পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য.......... | টাকা ১০,০০০.০০ |
| (জ) | দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য............ | টাকা ৬,০০০.০০ |
| (ঝ) | দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য......... | টাকা ২,৫০০.০০ |

(ঞ) শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য ... টাকা ৭,০০০.০০

(ট) শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য ........ টাকা ২,৫০০.০০

(খ) দফা (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২) প্রতিস্থাপিত হইবে, যথা:-

(২) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংক-লরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিস্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথা:-

| | | প্রদেয় আয়কর |
|---|---|---|
| (ক) | ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য.............. | টাকা ৫,০০০.০০ |
| (খ) | ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য...... | টাকা ৩,৫০০.০০ |
| (গ) | (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য .... | টাকা ১০,০০০.০০ |
| | (আ) দোতলা বাস প্রতিটির জন্য .... | টাকা ৫,০০০.০০ |
| (ঘ) | তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য .... | টাকা ৬,০০০.০০ |
| (ঙ) | অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য ... | টাকা ২,০০০.০০ |
| (চ) | কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য..... | টাকা ৮,০০০.০০ |
| (ছ) | পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য..................... | টাকা ৬,০০০.০০ |
| (জ) | দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য........... | টাকা ৩,০০০.০০ |
| (ঝ) | দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য................ | টাকা ২,০০০.০০ |
| (ঞ) | শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য ... | টাকা ৩,০০০.০০ |
| (ট) | শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য ........ | টাকা ১,০০০.০০ |

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
সৈয়দ মোঃ আমিনুল করিম
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/ ২৬ জুন, ২০১৪ খ্রিস্টাব্দ।

**এস,আর,ও নং ১৬০-আইন/আয়কর/২০১৪।**—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ/৩০ জুন ২০০৯ খিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৭১-আইন/২০০৯ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের -

(ক) দফা (১) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:

"(১) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সি ক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিষ্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত না হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথা:-

| | | প্রদেয় আয়কর |
|---|---|---|
| (ক) | ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য......... | টাকা ১২,৫০০.০০ |
| (খ) | ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য..... | টাকা ৯,০০০.০০ |
| (গ) | (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য ................ | টাকা ৩০,০০০.০০ |
| | (আ) দোতলা বাস প্রতিটির জন্য .... | টাকা ১২,৫০০.০০ |
| (ঘ) | তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য .......... | টাকা ১২,৫০০.০০ |
| (ঙ) | অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য ......... | টাকা ৫,০০০.০০ |
| (চ) | কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য..... | টাকা ১৯,০০০.০০ |
| (ছ) | পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য................................ | টাকা ১২,৫০০.০০ |
| (জ) | দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য........... | টাকা ৭,৫০০.০০ |
| (ঝ) | দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য...................... | টাকা ৩,০০০.০০ |
| (ঞ) | শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য ................ | টাকা ৯,০০০.০০ |
| (ট) | শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য .. | টাকা ৩,০০০.০০ |

(খ) দফা (২) এর পরিবর্তে নিম্নরূপ দফা (২) প্রতিস্থাপিত হইবে, যথাঃ-

"(২) যদি উক্ত করদাতা উক্তরূপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর মালিক হন এবং উহার রেজিষ্ট্রেশনের তারিখ হইতে দশ বৎসর অতিক্রান্ত হইয়া থাকে এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথাঃ-

| | | প্রদেয় আয়কর |
|---|---|---|
| (ক) | ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য........ | টাকা ৬,৫০০.০০ |
| (খ) | ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য.... | টাকা ৪,৫০০.০০ |
| (গ) | (অ) তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য ............... | টাকা ১৫,০০০.০০ |
| | (আ) দোতলা বাস প্রতিটির জন্য .... | টাকা ৬,৫০০.০০ |
| (ঘ) | তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য .......... | টাকা ৯,০০০.০০ |
| (ঙ) | অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য ......... | টাকা ২,৫০০.০০ |
| (চ) | কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য..... | টাকা ১০,০০০.০০ |
| (ছ) | পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরি প্রতিটির জন্য..................... | টাকা ৭,৫০০.০০ |
| (জ) | দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক বা ট্যাংক-লরী প্রতিটির জন্য.......... | টাকা ৪,৫০০.০০ |
| (ঝ) | দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতা সম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরণের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রী বহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য................ | টাকা ২,৫০০.০০ |
| (ঞ) | শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সি ক্যাবের জন্য ........ | টাকা ৪,৫০০.০০ |
| (ট) | শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সি ক্যাবের জন্য... | টাকা ১,৫০০.০০ |

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,

**সৈয়দ মোঃ আমিনুল করিম**

অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**(আয়কর)**

**প্রজ্ঞাপন**

তারিখ: ৯ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ/ ২৩ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ।।

এস,আর,ও নং **২১৫-আইন/আয়কর/২০১৯**।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, এই বিভাগের ১৬ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ৩০ জুন, ২০০৯ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৭১-আইন/২০০৯ রহিতক্রমে, বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে কোন করদাতার অর্জিত সম্পূর্ণ আয়কে নিম্নবর্ণিত শর্তাধীনে এতদ্বারা আয়কর প্রদান হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:

(ক) যদি উক্ত করদাতা উক্তরুপ বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সার মালিক হন এবং তিনি নিম্নবর্ণিত হারে আয়কর প্রদান করেন, যথা:

| ক্রমিক | যানবাহনের বিবরণ | প্রদেয় আয়কর (টাকায়) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (ক) | ৫২ সিটের অধিক আসন বিশিষ্ট প্রতিটি বাসের জন্য | ১৬,০০০ |
| (খ) | ৫২ সিট বা উহার কম আসন বিশিষ্ট প্রতিটি বাসের | ১১,৫০০ |
| (গ) | তাপানুকূল লাক্সারী বাস প্রতিটির জন্য | ৩৭,৫০০ |
| (ঘ) | দোতলা বাস প্রতিটির জন্য | ১৬,০০০ |
| (ঙ) | তাপানুকূল মিনিবাস/কোস্টার প্রতিটির জন্য | ১৬,০০০ |
| (চ) | অন্যান্য মিনিবাস ও কোস্টার প্রতিটির জন্য | ৬,৫০০ |
| (ছ) | কনটেইনার পরিবহনে ব্যবহৃত প্রাইমমুভার প্রতিটির জন্য | ২৪,০০০ |
| (জ) | পাঁচ টনের অধিক ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্যাংকলরী প্রতিটির জন্য | ১৬,০০০ |

| ক্রমিক | যানবাহনের বিবরণ | প্রদেয় আয়কর (টাকায়) |
|---|---|---|
| (১) | (২) | (৩) |
| (ঝ) | দেড় টনের বেশী কিন্তু পাঁচ টনের বেশী নহে এইরূপ ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক বা ট্রাংকলরী প্রতিটির জন্য | ৯,৫০০ |
| (ঞ) | দেড় টন বা উহার কম ধারণ ক্ষমতাসম্পন্ন ট্রাক, পিক-আপ, সকল ধরনের হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী বা যাত্রীবহনকারী অটোরিক্সা প্রতিটির জন্য | ৪,০০০ |
| (ট) | শীতাতপ নিয়ন্ত্রিত প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য | ১১,৫০০ |
| (ঠ) | শীতাতপ নিয়ন্ত্রিত নয় এইরূপ প্রতিটি ট্যাক্সিক্যাবের জন্য | ৪,০০০ |

(খ) দফা (ক) এ বর্ণিত যানবাহনের ক্ষেত্রে উক্ত দফায় নির্ধারিত আয়করের পরিমাণের শতকরা এক হাজার ভাগ আয়কর উক্ত যানবাহন রেজিস্ট্রেশনের সময় পরিশোধ করার শর্তে উক্ত যানবাহনে বিনিয়োগকৃত অর্থ করমুক্ত থাকিবে;

(গ) দফা (ক) ও (খ) এর অধীন প্রদেয় আয়কর সংশ্লিষ্ট কর সার্কেলের উপ-কর কমিশনার এর বরাবর ইস্যুকৃত কোন তফসিলি ব্যাংকের ব্যাংক ড্রাফট বা পে অর্ডারের মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক এতদুদ্দেশ্যে নির্ধারিত কর অঞ্চলের আয়কর কোডে জমা প্রদান করিতে হইবে;

(ঘ) বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা এর ফিটনেস নবায়নের তারিখ উত্তীর্ণ হইবার পূর্বে দফা (ক) এ বর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে;

(ঙ) এই প্রজ্ঞাপন অনুযায়ী নির্দিষ্ট খাতে নির্ধারিত হারে আয়কর জমা প্রদান করিয়া সংশ্লিষ্ট উপ-কর কমিশনারের নিকট হইতে অনুমিত আয়কর পরিশোধ সনদ সংগ্রহপূর্বক সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট উপস্থাপন না করা পর্যন্ত উক্ত কর্তৃপক্ষ উক্ত যানবাহনের রেজিস্ট্রেশন প্রদান করিবে না অথবা, ক্ষেত্রমত, ফিটনেস নবায়ন করিবে না;

(চ) এই প্রজ্ঞাপনের অধীন আয়কর প্রদানকারী বাস, মিনিবাস, কোস্টার, ট্যাক্সিক্যাব, প্রাইমমুভার, ট্রাক, ট্যাংকলরী, পিক-আপ, হিউম্যান হলার, ম্যাক্সি বা মাল বহনকারী অটোরিক্সা হইতে অর্জিত আয় প্রদত্ত আয়করের অনুপাতে তাহার আয়কর রিটার্নে অন্তর্ভুক্ত করা যাইবে, তবে এই খাত হইতে রিটার্নে প্রদশিত আয়ের পরিমাণ প্রদত্ত আয়করের অনুপাতে নিরূপিত আয়ের চেয়ে বেশী হইলে অতিরিক্ত আয়ের জন্য শিডিউলে বর্ণিত হারে আয়কর প্রদান করিতে হইবে; এবং

(ছ) উক্ত Ordinance এর section 35 অনুযায়ী যথাযথভাবে হিসাব সংরক্ষণ করিতে হইবে এবং section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে আয়কর রিটার্ন সংশ্লিষ্ট আয়কর কর্তৃপক্ষের নিকট দাখিল করিতে হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update
www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়
ও
চেয়ারম্যান
জাতীয় রাজস্ব বোর্ড।